[redacted]

[redacted]

গেজেটে নাম প্রকাশ হওয়ায় বীর মুক্তিযোদ্ধা বাকের আলীকে অভিনন্দন জানাচ্ছি। মুক্তিযোদ্ধা হিসাবে তার সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করার দায়িত্ব আমরা নেবো।’

মেহেরপুর জেলা রোভার স্কাউটসের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস মেহেরপুর জেলা রোভারের নির্বাহি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার দুপুর ১২ টায় পাওনিয়ার প্রফেশনাল স্কুল অ্যান্ড কলেজে অনুষ্ঠিত সভায় জেলা রোভারের সহ- সভাপতি নুরুল আহম্মেদ এর সভাপতিত্বে এবং সম্পাদক ফররুখ আহমদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার প্রফেসর রফিকুল ইসলাম, জেলা রোভারের ডিআরএসএল আনোয়ার হোসেন, সহকারী কমিশনার জাহির হোসেন চঞ্চল, কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, ইউনিট লিডার আসাদুজ্জামান, রোকেয়া খাতুন ও ওয়াহিদুজ্জামান টিটুসহ জেলা রোভারের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় আগামী ২৭ শে জানুয়ারি বাংলাদেশ স্কাউটস এর সুবর্ণজয়ন্তী উপলক্ষে দেশব্যাপী একযোগে বিভিন্ন কর্মসূচী পালনে জেলা রোভারের করণীয় এবং বিভিন্ন উপ -কমিটি করা হয় । জেলা রোভারের কর্মসূচির মধ্যে রয়েছে জেলা শিল্পকলা একাডেমি থেকে শহীদ শামসুজ্জোহা পার্ক পর্যন্ত জেলার বিভিন্ন ইউনিটের রোভার, প্রাক্তন রোভার, জেলা রোভারের কর্মকর্তা সহ সবাইকে নিয়ে র্যালি, আলোচনা সভা, রোভারদের করণীয় নিয়ে কয়েকটি সেসন পরিচালনা, প্রজেক্টরের মাধ্যমে শহরের কয়েকটি স্থানে ভিডিও প্রদর্শনী সহ বাংলাদেশ রোভার স্কাউটস এর সুবর্ণজয়ন্তী উপলক্ষে দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। মেহেরপুর জেলা রোভার স্কাউটস বাংলাদেশ স্কাউটস এর সাথে মিল রেখে বিভিন্ন কর্মসূচি পালন করবে।

এছাড়া সভায় আগামী ২-৪ ফেব্রুয়ারিতে মুজিবনগর সরকারি কলেজে

অনুষ্ঠিতব্য জেলা মুট নিয়ে ও বিস্তারিত আলোচনা করা হয়।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতি নির্বাচনে মনোনয়নপত্র জমা সম্পন্ন

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির আসন্ন নির্বাচনে আওয়ামী আইনজীবী পরিষদ ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্যরা পূর্ণ প্যানেলে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ সোমবার মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি পদে এডভোকেট গোলাম মোস্তফা এবং সাধারণ সম্পাদক পদে অ্যাডভোকেট নাজমুল হুদা, সহ-সভাপতি পদে নজরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহামুদ শাওন, কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন, লাইব্রেরী ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মহাফুজ জুয়েল, সিনিয়র সদস্য পদে আবুল হাসেম এবং সদস্য পদে এসএম আমানুল্লাহ আল আমান ও সাব্বির হোসেন শিশির নির্বাচন পরিচালনা কমিটির প্রধান অ্যাডভোকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন।

এসময় পিপি পল্লব ভট্টাচার্য, অ্যাডভোকেট খন্দকার একরামুল হক হীরা, অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, অ্যাডভোকেট শফিকুল আলম, অ্যাডভোকেট খন্দকার আব্দুল মতিন, এডভোকেট খ ম ইমতিয়াজ বিন হারুন জুয়েল, অ্যাডভোকেট এসএম আমানুল্লাহ আল আমান উপস্থিত ছিলেন।

অপর দিকে, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সভাপতি পদে মারুফ আহমেদ বিজন এবং সাধারণ সম্পাদক পদে এএস এম সাইদুল রাজ্জাক সাদ্দাম, সহ-সভাপতি পদে রফিকুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে এহান উদ্দিন মনা, কোষাধ্যক্ষ পদে সাইফুল ইসলাম, লাইব্রেরী ও সাংস্কৃতিক সম্পাদক পদে শফিউল আজম খান বকুল, সিনিয়র সদস্য পদে মোখলেসুর রহমান স্বপন এবং সদস্য পদে আল মামুন অনল ও তারিক আহমেদ নির্বাচন

পরিচালনা কমিটির প্রধান অ্যাডভোকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন।

এসময় আইনজীবী সমিতির বর্তমান সভাপতি এডভোকেট কামরুল হাসান, আবু সালেহ মোঃ নাসিম, আফরোজা বেগম ফাতেমা প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শীতার্ত মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ

তীব্র শীতে যখন মানুষ জর্জরিত তখন অসহায় খেটে খাওয়া মানুষদের শীত নিরাবরণের জন্য মুজিবনগরে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছে বাগোয়ান ইউনিয়ন পরিষদ।

আজ সোমবার বেলা ১২ টার দিকে ইউনিয়ন পরিষদ চত্বরে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের সভাপতিত্বে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সমস্ত শীতবস্ত্র বিতরণ করেন।

এ সময় আরো উপস্হিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাশরুবা আলম সহ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ। অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়নের নিম্ন বিত্ত মানুষের মাঝে ৪৫০ টি কম্বল বিতরণ করা হয়। তীব্র শীতে নিবারণের জন্য বস্ত্র পেয়ে খুশি খেটে খাওয়া মানুষেরা। উল্লেখ্য গেল কয়েকদিন ধরে মৃদু শৈত্য প্রবাহের কবলে পড়ে স্বাভাবিক জীবন যাপন বধাগ্রস্থ হচ্চে সাধারন মানুষের।

আবহাওয়া পূর্বাভাস সেবা থেকে বঞ্চিত মেহেরপুরবাসী

মেহেরপুর জেলা দুর্যোগপ্রবণ ও কৃষিপ্রধান একটি অঞ্চল। এ জেলায় কোন আবহাওয়া অফিস না থাকাতে, পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার আবহাওয়া অফিস থেকে এ জেলার আবহাওয়া সংক্রান্ত দৈনিক তথ্য সংগ্রহ করতে হয়।অনেক সময় দৈনন্দিন তথ্য উপাত্ত সঠিকভাবে পাওয়া যায় না। তাই আবহাওয়া সংক্রান্ত নিখুত তথ্য উৎপাত্র সংগ্রহ ও বিশ্লেষণের জন্য মেহেরপুরে একটি ওয়েদার ডিসিসন সাপোর্ট সিস্টেম স্থাপন করা হয়। ২০২২ সালে তৎকালীন কৃষি মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে সিস্টেমটির কন্ট্রোল রুম উদ্বোধন করেন। কিন্তু দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখান থেকে আবহাওয়ার কোন তথ্য উপাত্ত না পেয়ে হতাশা ব্যক্ত করেছেন অনেকে। সুবিধা বঞ্চিত হচ্ছেন কৃষক।

অত্যাধুনিক ওয়েদার ডিসিশন সাপোর্ট সিস্টেম স্থাপনকালে বলা হয়েছিলো প্রাত্যহিক জেলার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড সহ প্রাকৃতিক দূর্যোগ সম্পর্কে আগাম তথ্য দেবে যন্ত্রটি। ফলে ফসলের ক্ষয়ক্ষতি কমবে। কৃষক অর্থনৈতিক ভাবে লাভবান হবে। এছাড়াও সিস্টেমটির সাহায্যে মেহেরপুরে বজ্রপাত, ঝড়, ঘুর্ণিঝড়, কালবৈশাখী, ভুমিকম্প, প্রাকৃতিক ভূগর্ভস্থ পানি দূষণসহসহ বিভিন্ন প্রকৃতিক দুর্যোগের পূর্বাভাসসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দিকনির্দেশনা পাওয়া যাবে।

২০২২ সালের ১৬ নভেম্বর কন্ট্রোলরুমের উদ্বোধনকালে মেহেরপুরের তৎকালীন জেলা প্রশাসক মনসুর আলম খান বলেছিলেন, অত্যাধুনিক এই সিস্টেমটি বিশ্বের বিভিন্ন দেশে থাকলেও বাংলাদেশের মধ্যে মেহেরপুরই হচ্ছে প্রথম জেলা, যেখানে এই সিস্টেম স্থাপন করা হয়েছে। মেহেরপুর জেলায় আবহাওয়া অফিস না থাকতে, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ঐকান্তিক চেষ্টার ফসল হিসেবে জনস্বার্থে ডিসি অফিসে কন্ট্রোল রুমটি স্থাপন করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তর থেকে লোকবল না দেয়া পর্যন্ত জেলা প্রশাসনের দুইজন লোকবল দিয়ে সিস্টেমটির
কার্যক্রম পরিচালনা করা হবে। ‘

তবে এই ওয়েদার ডিসিসন সাপোর্ট সিস্টেম বাংলাদেশের মধ্যে

মেহেরপুর জেলাতে পাইলোট প্রকল্প হিসাবে স্থাপন করা হলেও এটি থেকে দৈনন্দিন সর্বোচ্চ সর্বনিম্ন তাপমাত্রাও জানা সম্ভব হয় না।

দৈনিক লাখোকন্ঠ ও শিক্ষার্বাতার জেলা প্রতিনিধি এস এম রফিকুল আলম বলেন, ‘ওয়েদার ডিসিশন সাপোর্ট সিস্টেমটি কি সেইটা আমি নিজে জানি না। প্রচারপ্রচারণার অভাব আছে। যন্ত্রটি কৃষক ও সাধারণ মানুষের কিভাবে উপকারে আসতে পারে এনিয়ে ব্যাপক প্রচারণার প্রয়োজন আছে বলে আমার মনে হয়। ‘

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তরের জেলা প্রতিনিধি তোজাম্মেল আজম বলেন, ‘এত অত্যাধুনিক ও ব্যয়বহুল একটি যন্ত্র মেহেরপুরে থাকার পরও আবহাওয়া সংক্রান্ত তথ্যের জন্য আমাদের পার্শ্ববর্তী জেলা চুয়াডাঙ্গায় যোগাযোগ করতে হয়। এটা খুবই দুঃখজনক। আশা করছি আমলাতান্ত্রিক জটিলতা কাটিয়ে শীঘ্রই ওয়েদার ডিসিশন সাপোর্ট সিস্টেমের পূর্ণ সুবিধা পাবে মেহেরপুরবাসী।’

সিস্টেমটির স্থাপন কাল থেকে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সহকারি কমিশনার রিফাত জাহান বলেন, ‘আমরা লোকবল চেয়ে একাধিকবার চিঠি দিয়েছি।কিন্তু এখনো কোন লোকবল না পাওয়াতে সিস্টেমটির কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। ‘

মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ শামীম হাসান বলেন, ‘ওয়েদার ডিসিশন সাপোর্ট সিস্টেমটি একটি প্রকল্পের আওতায় জেলা প্রশাসকের কার্যালয়ে সাময়িকভাবে স্থাপন করা হয়েছে। কিন্তু আবহাওয়া অধিদপ্তর থেকে পরবর্তীতে কোন সিদ্ধান্ত ও জনবল দেওয়া হয়নি। এজন্যই মানুষ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

মেহেরপুরে আদালত ভবনের তৃতীয় তলা থেকে পড়ে স্বামী-স্ত্রী

আহত

স্ত্রীর দায়ের করা মামলায় আদালতে হাজিরা দিয়ে কথাকাটা ও ধস্তাধস্তির এক পর্যায়ে তিনতলার বারান্দা থেকে স্বামী স্ত্রী দুজনেই নিচে পড়ে গিয়ে গুরতর জখম হয়েছেন।

ঘটনাটি ঘটেছে আজ সোমবার (১৫ জানুয়ারি) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে তৃতীয় তলার বারান্দায়।

স্বামী মামনুর রশিদ (৩৫) মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের আবুল কাশেমের ছেলে। স্ত্রী সীমা আক্তার (৩০) একই উপজেলার রামদেবপুর গ্রামের মালিপাড়ার ফরিদুল ইসলামের মেয়ে।

প্রত্যাক্ষর্দীরা বলেন, একজন কালো বোরখা পরা নারী ও আরেকজন মেরুন রঙের জ্যাকেট পরিহিত পুরুষ আদালত ভবনে তিনতলার বারান্দায় দাড়িয়ে কথা বলছিলো। এক পর্যায়ে তাদের মধ্যে কথাকাটাকাটি শুরু হয় এবং একে অপরের প্রতি ক্ষিপ্ত হয়ে ধস্তাধস্তি শুরু করে। ধস্তাধস্তির এক পর্যায়ে আদালতের বারান্দার রেলিং থেকে দুজনেই নিচে পড়ে যায়। আশেপাশের লোকজন ও ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করান। তারা উভয়েই বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন।

সিমা আক্তারের আইনজীবী কামরুল হাসান বলেন, ‘মামুন ও শিমার বিয়ে হয় ২০১১ সালে। এক পর্যায়ে পারিবারিক বিবাদের সূত্র ধরে দু’পক্ষই আদালতে মামলা করে। সিমা খাতুন নারী নির্যাতন, যৌতুকসহ আরো দুটি মামলা করেন মামুন ও মামুনের পরিবারের সদস্যদের বিরুদ্ধে। ২০২৩ সালের জুলাইমাসে আদালতে মামলা রুজু করা হয়। এর পর আদালত ২ লক্ষ ৬০ হাজার টাকা অর্থদন্ড করে মামুনুর রশিদকে। আজকেও সেই জরিমানার ২০ হাজার টাকার কিস্তি দিতে এসেছিলো মামুন।’

মামুনের আইনজীবী এডভোকেট রাসেলও একই কথা বলেন।

কোর্ট পুলিশ ইন্সপেক্টর মানষ রঞ্জন দাস বলেন, ‘একটি সি আর মামলার বিচারিক কার্যক্রমে অংশ নিতে মামুন ও সিমা আদালতে এসেছিল। কথা কাটাকাটি থেকে ধস্তাধস্তির এক পর্যায়ে উভয় তিন তলা থেকে নিচে পড়ে যান। থানা পুলিশ বিষয়টি দেখবে। ‘

মেহেরপুর জেনারেল হাসপাতালে দায়িত্বরত চিকিৎসক নাজমুস সাকিব

বলেন, দুজনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। কয়েকটি টেস্ট করতে দেয়া হয়েছে। রিপোর্ট দেখার পর বিস্তারিত বলা যাবে।

র্যাবের অভিযানে গাংনীতে মাদক সহ আটক-১

মাদক বিরোধী এক অভিযানে মাদক ও মাদক বিক্রির টাকাসহ মোঃ সিদ্দিক আলী (৬০) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে র্যাব। আটককৃত মোঃ সিদ্দিক আলী (৬০) গাংনী উপজেলার খাসমহল গ্রামের মৃত আনছার আলীর ছেলে। আজ সোমবার এক প্রেস রিলিজের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছেন র্যাব সিপিসি ১২ গাংনী ক্যাম্পের কমান্ডার মোঃ মনিরুজ্জামান।

প্রেস রিলিজে জানানো হয়েছে, ১৪ জানুয়ারী রাত সাড়ে ৬ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে একটি অভিযান পরিচালিত হয়। এসময় সিপিসি-মেহেরপুর ক্যাম্পের একটি দল মেহেরপুর জেলার গাংনী থানাধীন ১ নম্বর কাথুলি ইউনিয়নের খাসমহলে মোঃ সিদ্দিক আলী এর চায়ের দোকানের সামনে ৩ গ্রাম হেরোইনসহ সিদ্দিক আলীকে গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে মাদক বিক্রয়ের নগদ ১৬ হাজার টাকা জব্দ করা হয়।

মো: মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে মোঃ সিদ্দিক আলী মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিক্রয়ের কথা স্বীকার করেছে। গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে বিএনপির ও অঙ্গ - সংগঠনের লিফলেট বিতরণ

দ্বাদশ জাতীয় নির্বাচন প্রত্যাখ্যান করে মেহেরপুরে গণসংযোগ কর্মসূচি পালন করেছে বিএনপি। রবিবার (১৪ জানুয়ারি) কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে দলটির নেতাকর্মীরা এ কর্মসূচি পালন করেন।

রবিবার সকাল ৯ টার সময় বড়বাজার কাঁচাবাজার এলাকায় জেলা বিএনপি ও সহযোগী অংক সংগঠনের নেতাকর্মীরা এবং সকাল ১১ টার দিকে শহরের কোর্টমোড় এলাকায় জেলা জাতীয়তাবাদী মহিলা দলের উদ্যোগে সড়কে থাকা সাধারণ মানুষ ও ব্যবসা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করা হয়।

গাংনীতে স্মার্ট জাতের টমেটো চাষে কৃষকের বাজিমাত

প্রতি বছরই আগাম জাতের সবজি চাষে বেশি মুনাফা অর্জন করলেও এবার আগাম ও উন্নত জাতের স্মার্ট-১২১৭ জাতের টমেটো চাষে বাজিমাত করেছেন মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের কৃষক সজিব রহমান।

ইতোমধ্যে দেড় লাখ টাকার টমেটো বিক্রি করেছেন। আরও লক্ষাধিক টাকার টমেটো বিক্রি করবেন বলে তিনি আশাবাদি। উন্নত জাত ও সঠিক পরিচর্যা ও কৃষি বিভাগের প্রয়োজনীয় পরামর্শ পেলে সবজি চাষিদের ভাগ্যবদলাতে পারে এমন প্রত্যাশা তার। নতুন ও উন্নত জাতের ফসল চাষে মাঠ দিবসের মাধ্যমে স্থানীয় কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে এমন দাবী কৃষি অফিসের।

মেহেরপুর জেলায় এই প্রথম স্মার্ট-১২১৭ জাতের টমেটো আবাদ করেছেন ভাটপাড়া গ্রামের আকবর আলীর ছেলে কৃষক সজিব রহমান। তিনি জানান, এক বীজ কোম্পানীর মাঠ দিবসে অংশ গ্রহন করে স্মার্ট-১৭ জাতের হাইব্রীড টমেটোর বিষয়ে জানতে পারেন তিনি। পরে পরীক্ষামুলক এক

বিঘা জমিতে স্মার্ট-১২১৭ জাতের টমেটোর চারা রোপন করেন। তিনমাস যেতে না যেতেই গাছে আসে ফুল ও ফল। প্রতিটি গাছের পাতার নিচে থোকায় থোকায় ঝুলতে দেখা যায় টমেটো। গাছ ঠেকাতে গাছের সাথে বেঁধে দিতে হয় বাঁশের খুঁটি। ইতোমধ্যে তিনি দেড় লাখ টাকার টমেটো বিক্রি করেছেন। এখনও জমিতে লক্ষাধিক টাকার টমেটো রয়েছে। সঠিক সময়ে কৃষি অফিসের সহায়তা ও নতুন নতুন উন্নত জাত কৃষকদের মাঝে ছড়িয়ে দিতে পারলে আরও লাভবান হওয়া সম্ভব।

কৃষক সজিব রহমানের টমেটো চাষে বাজিমাতের খবরে অনেকেই আসছেন তার কাছে পরামর্শ নিতে। সবজি চাষি শাহীন জানান, তিনি জানান, অন্যান্য জাতের টমেটো চাষে লাভ হয় তবে স্মার্ট জাতের টমেটো চাষে প্রায় তিনগুন লাভ সম্ভব। এবার দুই বিঘা জমিতে এ নতুন জাতের টমেটো আবাদ করবেন বলে জানান তিনি। একই কথা জানালেন রাইপুর গ্রামের সবজি চাষি মিনাজ উদ্দীন।

সবজি চাষি কাবিরুল ইসলাম জানান, শুধু স্মার্ট-১২১৭ জাতের টমেটো নয়, অনেক উন্নত জাত আছে যা চাষিরা জানে না। স্থানীয় কৃষি অফিস যদি ওইসব আবাদ সম্পর্কে ধারনা দেয় তাহলে এই অঞ্চলে সব আবাদেই চাষিরা লাভবান হতে পারে। বিভিন্ন বীজ কোম্পানীর উদ্যোগে চাষিরা আবাদ সম্পর্কে যে টুকু ধারনা পেয়ে থাকে শুধুমাত্র সেটুকুতেই সীমাবদ্ধ। স্থানীয় কৃষি অফিসার ও উপ-সহকারি কৃষি কর্মকর্তারা যদি চাষিদেরকে উন্নত জাত নির্বাচনে সহায়তা করে তাহলে নতুন নতুন আবাদের খোঁজ পাবেন চাষিরা। চাষি সজিবের মতো তিনিও এবার উন্নত ও আগাম জাতের টমেটো আবাদ করবেন এবং সে ব্যাপারে পরামর্শ নিচ্ছেন তিনি।

কৃষি অফিসের হিসেব মতে, এ অঞ্চলে বেশ কয়েকটি আগাম জাতের টমেটো চাষ হয়। তার মধ্যে উল্লেখযোগ্য বারি টমেটো-৪, বারি টমেটো-৫, রোমা ভিএফএম রোমারিও, টিপু সুলতান, গ্রেট পেলে, ডেল্টা এফ-১, নিউ রুপালী এফ। এগুলো ভরা মৌসুমী জাত। শীতকালে স্বাভাবিক ভাবেই এসব জাতের টমেটো আবাদ হয়ে থাকে। সেপ্টেম্বর-অক্টোবর মাসে বীজ বপনের পর অক্টোবর – নভেম্বরে এসব জাতের টমেটোর চারা রোপন করা হয়ে থাকে। এসব জাতের টমেটো গাছে ফুল ও ফল আসতে একটু দেরি করে তাই ফলন নিয়েও হতাশায় থাকেন চাষিরা।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. ইমরান হোসেন জানান, চলতি বছরে ৬৫ হেক্টর জমিতে আগাম জাতের টমেটো আবাদ হয়েছে। এতে ১৫০০ মে. টন টমেটো উৎপাদন হবে। যা জেলার চাহিদা পুরুনের

পাশাপাশি দেশের বিভিন্ন জেলায় বিক্রি করে চাষিরা লাভবান হবে।

তিনি আরও জানান, এ অঞ্চলের জেলার মাটিতে সব ধরনের ফসল উৎপাদন হয়। যা দেশের অন্যান্য এলাকার চেয়ে এখানকার উৎপাদিত টমেটো ও সবজির সু-স্বাদু হওয়ায় চাহিদা ও দাম ভাল। সে কারনে কৃষক সজিব রহমানের মত কৃষকদের পাশে থেকে মাঠ দিবসের মাধ্যমে বিভিন্ন ফসলের জাত সম্পর্কিত নানা পরামর্শ দিয়ে আসছে কৃষি বিভাগ।

হিমেল হাওয়া কনকনে শীতে বিপর্যস্ত মেহেরপুর, সর্বনিম্ন তাপমাত্রা ৯.৫

মেহেরপুর জেলা এক সপ্তাহ যাবৎ ঘন কুয়াশার চাদরে ঢাকা পড়েছে। বয়ে যাচ্ছে মৃদু শৈত্যপ্রবাহ। কুয়াশার কারণে মাত্র কয়েক হাত দূরের কোনো কিছু দেখা যাচ্ছে না। তীব্র শীতের কারণে মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বির্পযস্ত হয়ে পড়েছে। কনকনে ঠাণ্ডা ও ঝিরিঝিরি বাতাসে মানুষের পাশাপাশি গবাদি পশুও কাবু হয়ে পড়েছে।

শিশু এবং বয়স্ক মানুষ শীতজনিত নানা রোগে আক্রান্ত হচ্ছেন। এতে মেহেরপুর জেনারেল হাসপাতালসহ জেলার বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকগুলোতে বাড়ছে শীতজনিত রোগীর চাপ।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সুত্রে জানা গেছে, গতকাল শনিবার (১৩ জানুয়ারি) সকাল ৯ টায় এ মৌসুমে জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। দৃষ্টিসীমা ৬০০ মিটার ও বাতাসের আর্দ্রতা ছিলো ৯৫ ভাগ ।

মেহেরপুর জেনারেল হাসপাতালে যেয়ে দেখা গেছে, অ্যাজমা, নিউমোনিয়া, ডায়রিয়া, অ্যালার্জি, সর্দিকাশিসহ শীতজনিত নানা রোগে মানুষ চিকিৎসা নিচ্ছে। বিশেষ করে শিশু ও বয়স্ক রোগীর চাপে হিমশিম খাচ্ছেন চিকিৎসকরা।

হাসপাতালে কর্তব্যরত ইমারজেন্সি মেডিকেল অফিসার (ইএমও) ডা. সউদ

কবির মালিক বলেন, ‘শুক্রবার দুপুর থেকে শনিবার দুপুর পর্যন্ত মেহেরপুর জেনারেল হাসপাতালের ইমারজেন্সি বিভাগে মোট ১৪১ জন রোগী চিকিৎসা নিয়ে গেছেন। এদের মধ্যে ঠান্ডা জ্বর নিয়ে এসেছিলেন ১৪ জন, ৪০ জন এসেছিলেন ঠান্ডাজনিত নানা রোগের প্রাথমিক উপসর্গ নিয়ে।’

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জামির মো. হাসিবুস সাত্তার কালবেলাকে বলেন, ‘বর্তমানে এখানে ২৪১ জন রোগী ভর্তি রয়েছেন।

অন্যান্য রোগীর চাপ কম থাকলেও ক্রমান্বয়ে ঠান্ডা, কাশি, জ্বর, শ্বাসকষ্ট ও ডায়রিয়ার রোগী বাড়ছে। গত ৪ দিনে ঠান্ডা জনিত বিভিন্ন রোগের উপসর্গ নিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছে ৮৭ জন। আর সর্বশেষ ২৪ ঘন্টাতে এই সংখ্যা ২০ জন।